

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ ফেব্রুয়ারী ২০২২

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায়

একুশে ফেব্রুয়ারি বিশ্বের

সব মানুষের ভাষার অধিকার প্রতিষ্ঠার দিন - ড. অনুপম সেন

আমরাই একমাত্র জাতি যারা নিজের মায়ের

ভাষা প্রতিষ্ঠিত করার জন্য রক্ত দিয়েছি - মেয়র রেজাউল করিম

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজ বিজ্ঞানী একুশে পদকপ্রাপ্ত প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, আজ একুশে ফেব্রুয়ারি বিশ্বের সব মানুষের ভাষার অধিকার প্রতিষ্ঠার দিন। আন্তর্জাতিকভাবে পালিত মাতৃভাষা দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা আমাদের নৈতিক দায়িত্ব। ১৯০বছর বৃটিশ শাসনামলের পর পাকিস্তান নামক যে রাষ্ট্রের আর্বিভাব হয়েছিলো তাতে ৫৬শতাংশ বাঙালি থাকা স্বত্বেও উর্দুকে রাষ্ট্রভাষা করার যে ষড়যন্ত্র হয়েছিলো তা রুখে দাঁড়াতে বাঙালির রক্ত ঝড়েছে। আর এই রক্ত ঝাড়ার মধ্য দিয়ে আমরা মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা পেয়েছি। এই অর্জন আমাদের জন্য বিশাল গৌরবময় অধ্যায়। আজ সোমবার এম.এ স্টেডিয়াম সংলগ্ন জিমনেশিয়াম চত্বরে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী'র সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র আবদুস সবুর লিটন, প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, মেলা কমিটির আহ্বায়ক ও শিক্ষা স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, সচিব খালেদ মাহমুদ, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক। এতে উপস্থিত ছিলেন সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেনগুপ্ত, প্রধান রাজস্ব কর্মকর্তা মো. নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম প্রমুখ।

সভাপতির বক্তব্যে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রামের অমর একুশে বইমেলাকে ঘিরে নানাধরনের অপ্রীতিকর গুজব ছড়ানো হচ্ছে। মেলায় নাকি ইসলাম ধর্মীয় বইকে নিষিদ্ধ করা হয়েছে। এই ধরনের অপপ্রচারে কেউ যেন কান না দেন সেই আহ্বান জানিয়ে বলেন, ইসলাম ধর্মীয় বই রাখা যাবে না এধরনের কথা কোথাও বলা হয়নি। অবশ্যই ইসলাম ধর্মীয় বই রাখা যাবে তবে মৌলবাদী বই বা জঙ্গীবাদকে উৎসাহিত করে এমন বই মেলায় প্রদর্শন বা বিক্রয় করা যাবে না। যারা ইসলামি বই বিক্রয় নিষিদ্ধ বলে মিথ্যে গুজব ছড়াচ্ছে তারা একান্তরোও এই ধরনের ভূমিকায় ছিলো। এখনো তারা সেই তৎপরতায় আছে। তিনি দৃঢ়তার সাথে বলেন, এদেশ মুক্তিযুদ্ধের বাংলাদেশ। আমরা অনেক রক্তের বিনিময়ে এদেশ স্বাধীন করেছি। আমরাই একমাত্র জাতি যারা নিজের মায়ের ভাষা প্রতিষ্ঠিত করার জন্য রক্ত দিয়েছি পৃথিবীতে আর কোন জাতি মায়ের ভাষার জন্য রক্ত দেয় নি।

মেয়র আরো বলেন, আজ মহান একুশে ফেব্রুয়ারি। প্রতি বছর চসিক এখানে একুশে বইমেলা করে থাকে। গত দুবছর বৈশ্বিক মহামারি করোনার কারণে প্রস্তুতি থাকা স্বত্বেও বইমেলা আয়োজন করা যায়নি। এবছর সংক্রমণ হার কম থাকায় এবং প্রকাশক, সংস্কৃতিসেবী, ছাত্র-ছাত্রী, বইপ্রেমীদের দীর্ঘদিনের অবরুদ্ধতার অবসান ঘটানো লক্ষ্যে ও মানসিক স্থবিরতা দূরীকরণে চসিকের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ, চট্টগ্রাম নাগরিক সমাজের সহযোগিতায় বইমেলা আয়োজন করা হয়েছে। মেয়র বইমেলাকে প্রাণবন্ত করে উৎসবমুখর পরিবেশ সৃষ্টির জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩